



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরাহাট।

মোঃ মাকরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ)
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোবা: ০১৭৪০-৬২৫৭৪০
ইমেইল: prompa6@gmail.com
ওয়েব সাইট: www.mpa.gov.bd

‘সংবাদ বিজ্ঞপ্তি’

‘মোংলা বন্দর ইনার বারে ডেজিং প্রকল্পের কাজ পুনরায় চালু’

মোংলা বন্দর চ্যানেলের ইনার বারে ডেজিং প্রকল্পের কাজ পুনরায় শুরু হয়েছে। দীর্ঘদিন বন্ধ থাকার পর চারটি কাটার সাকশন ডেজারের মাধ্যমে মোংলা বন্দর চ্যানেলের ইনার বারে ডেজিং প্রকল্পের কাজ বন্দরের বেসক্রিক এলাকার সেকশন -২ এবং সেকশন – ৪ এ শুরু হয়েছে। প্রকল্পের কাজ ২০২১ সালে শুরু হয়ে প্রায় ৩৫ শতাংশ কাজ সমাপ্ত হওয়ার পর ২০২২ সালে ডেজিং মাটি ফেলার জমি সংকটের কারণে ডেজিং কার্যক্রম সাময়িকভাবে বন্ধ হয়ে যায়। উক্ত সময়ে সম্পন্নকৃত ডেজিং এর ফলে মোংলা বন্দরে ৮.৫ মিটার ড্রাফটের জাহাজ আনা সম্ভব হয়। কিন্তু প্রায় এক বছর যাবৎ ডেজিং বন্ধ থাকায় চ্যানেলের কিছু স্থানে পলি জমার কারণে নিয়মিতভাবে ৮.৫ মিটার ড্রাফটের জাহাজ এ বন্দরে আসতে পারছিল না। এখন ডেজিং মাটি ফেলার জমির ব্যবস্থা হওয়ায় পুনরায় ডেজিং কাজ শুরু হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি "যে কোন উপায়ে মোংলা বন্দরকে সচল রাখতে হবে"। এর আলোকে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল শাহীন রহমান বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে মোংলা বন্দর কর্তৃপক্ষ সর্বদা সচেষ্ট রয়েছে। ইনার বারে চলমান ডেজিং প্রকল্পটি সমাপ্ত হলে ৯.৫ থেকে ১০ মিটার ড্রাফটের জাহাজ অনায়াসে মোংলা বন্দরে আসতে পারবে।

অধিক ড্রাফটের জাহাজ বন্দরে আগমনের ফলে মোংলা বন্দরের আয় বৃদ্ধির পাশিপাশি সরকারি রাজস্ব আয়ও বৃদ্ধি পাবে।

স্বাক্ষরিত/-
উপপরিচালক (জনসংযোগ)